



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩-১৩০২

তারিখ: ১০/০৫/২০২৬ খ্রি:।

আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি-২০২৬

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর বিভিন্ন অনুষদের আওতাধীন বিভাগসমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হইবে। এই প্রেক্ষিতে উপযুক্ত বাংলাদেশী প্রার্থীদের নিকট হইতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে।

Online Application Form ও ভর্তি বিষয়ক তথ্যাবলী <https://admission.duetbd.org/> -এ পাওয়া যাইবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা মাত্র) Rocket/bKash/Agrani Education Fee Pay-মোবাইল/ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

প্রার্থীর সাধারণ ও শিক্ষাগত যোগ্যতাঃ

- প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;
- প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর অথবা ৫.০০ এর স্কেলে ন্যূনতম জিপিএ (GPA) ৩.০০ (ঐচ্ছিক বিষয়সহ) পাইয়া উত্তীর্ণ হইতে হইবে;
- প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ডিপ্লোমা-ইন-আর্কিটেকচার -এ গড়ে ন্যূনতম ৬০% নম্বর অথবা ৪.০০ এর স্কেলে ন্যূনতম সিজিপিএ (CGPA) ৩.০০ পাইয়া উত্তীর্ণ হইতে হইবে;
- ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ডিপ্লোমা-ইন-আর্কিটেকচার পরীক্ষা ২০২৪ ও তৎপরবর্তী সনে উত্তীর্ণ শিক্ষার্থীরাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। তবে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সেন্টার কর্পোরেশন-এ শিক্ষকতা সহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না;
- ভর্তি পরীক্ষা ২০২৬ (শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬) প্রসপেক্টাস এর ৪(ক) ছক অনুযায়ী উল্লেখিত বিভাগ সমূহে ভর্তির জন্য আবেদন করা যাইবে;
- একাধিক বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীকে পৃথক পৃথক ভাবে আবেদন করিতে হইবে। তবে ME/IPE/MME বিভাগে আবেদনকারীদের জন্য একটি মাত্র আবেদন করিতে হইবে এবং উক্ত তিন বিভাগের জন্য পছন্দক্রম নির্বাচন করিতে হইবে; এবং
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

অনলাইন নির্দেশনা অনুসরণ করিয়া Rocket/bKash/Agrani Education Fee Pay-এর মাধ্যমে ভর্তি ফি প্রদান পূর্বক প্রার্থীগণ ১২/০৫/২০২৬ খ্রিঃ মঙ্গলবার সকাল ০৮:০০ ঘটিকা হইতে ২২/০৬/২০২৬ খ্রিঃ সোমবার বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত আবেদন করিতে পারিবে।

স্বাক্ষরিত/-
সভাপতি

ভর্তি পরীক্ষা কমিটি ২০২৬ (শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬)

আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর


তারিখ: ১০/০৫/২০২৬ খ্রি:।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩-১৩০২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-

(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সকল ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান।
- কো-অর্ডিনেটর, ভর্তি পরীক্ষা কমিটি ২০২৬ (শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬), আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম।
- সকল সদস্য, ভর্তি পরীক্ষা কমিটি ২০২৬ (শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬), আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম।
- পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- চেয়ারম্যান, আইসিটি সেল।
- কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস।
- অফিস প্রধান, অডিট সেল।
- সকল নোটিশ বোর্ড।
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।


২০.০৫.২৬

(অধ্যাপক ড. মোহা: আবু তৈয়ব)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)